**দৈনিক সংবাদ**

তারিখ ০৮ / ৯ / ৯১
পৃষ্ঠা ১ কলাম ৫

55

# ঢাকা বিশ্ববিদ্যালয় ১৭ই সেপ্টেম্বর খুলছে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

আগামী ১৭ই সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় খুলছে। বিশ্ববিদ্যালয়ের হলগুলো তার আগের দিন অর্থাৎ ১৬ই সেপ্টেম্বর সকাল ১০টা থেকে খুলে

বিশ্ববিদ্যালয় ঃ পৃঃ ৮ কঃ ২

## ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ ১৭ই সেপ্টেম্বর খুলছে

( ১ম পাতার পর )

দেয়া হবে।

গতকাল শনিবার অনুষ্ঠিত সিন্ডিকেটের এক জরুরী সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

সভায় বিশ্ববিদ্যালয়ের আইন-শৃংখলা পরিস্থিতি যাতে সশস্ত্র সংঘর্ষে রূপ না নেয় এজন্যে পুনর্বার আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর এবং শিক্ষার অনুকূল পরিবেশ বজায় রাখতে ছাত্র সংগঠনসমূহ, বিভিন্ন রাজনৈতিক দল, অভিভাবকবৃন্দসহ সমাজের সকল স্তরের জনগণের সহযোগিতা কামনা করা হয়।

উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে সিন্ডিকেটের এ সভা অনুষ্ঠিত হয়। সভায় উপাচার্য সিন্ডিকেট সদস্যদের জানান, বিশ্ববিদ্যালয় বন্ধ থাকার ফলে ছাত্রছাত্রীদের শিক্ষাজীবন বিপর্যস্ত হওয়ার আশংকা দেখা দিয়েছে। তিনি বলেন, প্রকৃতপক্ষে অভিভাবক ও ছাত্রছাত্রীসহ বিভিন্ন মহল থেকে বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে চাপ রয়েছে। তিনি বলেন, বিশ্ববিদ্যালয় পরিবেশ পরিষদও যথাশিগগির সম্ভব বিশ্ববিদ্যালয় খোলার সিদ্ধান্ত গ্রহণ করেছে। তবে যেসব কারণে বিশ্ববিদ্যালয় বন্ধ হয়ে গিয়েছিল তা এখনো দূরীভূত হয়নি।

সভায় বিস্তারিত আলোচনার পর আগামী ১৭ই সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয় খোলার সিদ্ধান্ত নেয়া হয়।

উল্লেখ্য, গত ৩০শে জুলাই ছাত্রলীগ (আ-অ) ও ছাত্রদলের মধ্যে সারাদিনব্যাপী বন্দুকযুদ্ধের পর ৩১শে জুলাই থেকে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়। এ সংগঠন দু'টির সমর্থকদের মধ্যে গত মে মাস থেকেই উত্তেজনা বিরাজ করছিল। ফলে বেশ কয়েক মাস ধরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রচণ্ড অতিস্থিতিশীল অবস্থা বিরাজ করে।